# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/০৪(৪৭৫) তারিখ : ২৯ জানুয়ারি ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের জন্য সহযোগী অধ্যাপকের ০১(এক)টি স্থায়ী পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল ও গ্রেড : ৫০০০০-৭১২০০/- (গ্রেডঃ ৪)

**আবেদনের শেষ তারিখ : ১৬ মার্চ ২০২৫**

**আবেদনের প্রক্রিয়াঃ**

প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :

(ক) সকল সনদপত্র ও ট্রান্সক্রিপ্ট বা মার্কসীট এর স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) নির্ধারিত ৬০০/=(ছয়শত) টাকা ফি (সব ধরণের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমানপত্র (জ) সকল প্রকাশনার কপি (ঝ) ISI এবং Scopus indexing ছাড়া অন্য সব প্রকাশনার Turnitin রিপোর্ট (ঞ) অভিজ্ঞতা সম্পর্কিত তথ্য (ট) প্রকাশনা সম্পর্কিত তথ্য।

**যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্তঃ**

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

Scanned with CamScanner

১২ নভেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৩৩তম সিন্ডিকেট সভায় অনুমোদিত

# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

## সহযোগী অধ্যাপক পদে নিয়োগ সম্পর্কিত যোগ্যতা ও অভিজ্ঞতা

প্রার্থীদের সর্বমোট ১৫ (পনের) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা*৪ থাকতে হবে। তন্মধ্যে কমপক্ষে ১১(এগার) বছর (অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে **১(এক)বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকরির অভিজ্ঞতা*৪** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকরির অভিজ্ঞতাসহ*৪) সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর সহকারী অধ্যাপক থাকাকালীন কমপক্ষে ২ (দুই) টি প্রকাশনা*৫ থাকতে হবে। তবে সহকারী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই)টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন। তবে উক্ত ২(দুই)টি প্রকাশনা পরবর্তী পদোন্নতির ক্ষেত্রে গণনাযোগ্য হবে না।

**অথবা**

প্রার্থীদের বিশ্ববিদ্যালয়/ইনষ্টিটিউট থেকে এমফিল বা ন্যূনতম ৩ (তিন)সেমিস্টারব্যপ্ত মাস্টার্স ডিগ্রি বা অতিরিক্ত মাস্টার্স ডিগ্রি বা সমমান ডিগ্রিসহ ১০ (দশ) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে কমপক্ষে ৩(তিন) বছর (অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে **১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকরির অভিজ্ঞতা*৪** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকরির অভিজ্ঞতাসহ*৪) সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা*৪ থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ২ (দুই)টি প্রকাশনাসহ*৫ প্রার্থীর কমপক্ষে ৩(তিন)টি প্রকাশনা থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ/বুক চ্যাপটার একটি প্রকাশনার সমতুল্য বলে বিবেচিত হবে। তবে এ ধরণের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না। তবে সহকারী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই)টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন। তবে উক্ত ২(দুই) টি প্রবন্ধ পরবর্তী পদোন্নতির ক্ষেত্রে গণনাযোগ্য হবে না।

**অথবা**

প্রার্থীদের বিশ্ববিদ্যালয়/ইনষ্টিটিউট থেকে পিএইচডি বা সমমান ডিগ্রিসহ ৭ (সাত) বছরের স্নাতক (সম্মান)বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা*৪ থাকতে হবে। তন্মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর (অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে **১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকরির অভিজ্ঞতা*৪** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকরির অভিজ্ঞতাসহ*৪) সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা*৪ থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ২ (দুই)টি প্রকাশনাসহ*৫ প্রার্থীর কমপক্ষে ৩(তিন)টি প্রকাশনা থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক/বুক চ্যাপটার হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ/বুক চ্যাপটার একটি গবেষণা প্রবন্ধের সমতুল্য বলে বিবেচিত হবে। তবে এ ধরণের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না।

*চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা

*৪ সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক পদের ১০০% অভিজ্ঞতা, প্রাইভেট বিশ্ববিদ্যালয়/সরকারী কলেজ/সরকার বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের সহকারী অধ্যাপক বা সমমানের পদের অভিজ্ঞতার সময়কালের ৫০% গণ্য করা হবে। তবে গণনাকৃত অভিজ্ঞতা সহযোগী অধ্যাপক পদের ন্যূনতম অভিজ্ঞতার সময়কালের (৭ বছর)বেশি হবে না। সক্রিয় চাকরি বলতে এই বিশ্ববিদ্যালয়ে অবস্থান করে প্রত্যক্ষ শিক্ষকতার অভিজ্ঞতা, অনুমোদিত শিক্ষা ছুটি (বিশেষ ছুটি ব্যতীত সবেতেনে ও বিনাবেতনে শিক্ষাছুটি) ও স্যাবাটিক্যাল ছুটি কে বোঝাবে।

*৫ প্রকাশনা বলতে দেশে বিদেশে স্বীকৃত Peer reviewed জার্নাল বোঝবে।

*৬ প্রতিটি পেটেন্ট একটি প্রবন্ধের সমতুল্য হিসেবে গণ্য হবে।

*৭ বুক চ্যাপটার বলতে স্বীকৃত গবেষণা সংস্থা কর্তৃক প্রকাশিত (সম্পাদিত) বইয়ের Peer reviewed বুক চ্যাপটার বোঝাবে।

২৯.১.২৫

রেজিস্ট্রার

শাবিপ্রবি

Scanned with CamScanner